92

দৈনিক ইনকিলাব

তারিখ FEB. 10 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

# একুশে বই মেলা বন্ধ কেন ঃ ডিজিকে প্রতিমন্ত্রীর ধমক

স্টাফ রিপোর্টার ঃ হরতালের কারণে বাংলা একাডেমীর একুশে বইমেলা গতকাল বন্ধ ছিল। বিভিন্ন স্টল মালিক ও প্রকাশকরা গতকাল কোন স্টলই না খোলায় বই মেলা অচল হয়ে পড়ে। অপরদিকে বাংলা একাডেমীর নিয়মিত আলোচনা সভার আলোচকরাও না আসায় গতকালের নির্ধারিত আলোচনা সভাও অনুষ্ঠিত হতে পারেনি। এ অবস্থায় হরতালের ২য় দিনে আজও বইমেলা বন্ধ থাকার সম্ভাবনা রয়েছে।

গতকাল বিকেলে পায়ে হেঁটে কিছু দর্শক বাংলা একাডেমীর সামনে এলেও সবগুলো গেটই সম্পূর্ণ বন্ধ থাকায় তারা মেলা প্রাঙ্গণে ঢুকতে পারেননি। যদিও প্রতিদিন বিকেল ৩টা থেকে মেলার গেট খোলার কথা, কিন্তু গতকাল সাড়ে ৫টা পর্যন্ত বাংলা একাডেমীতে ঢোকার সকল গেটই বন্ধ রেখে ভেতরে প্রচুর পুলিশ পাহারা বসানো হয়। এদিকে বাংলা একাডেমী কর্তৃপক্ষ হরতাল পালন করছে শুনে সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের আগে পিছে কড়া পুলিশ পাহারায় একটি পতাকাহীন গাড়ীতে বিকেল সাড়ে ৪টায় বাংলা একাডেমীতে ছুটে আসেন। রাগে অগ্নিশর্মা হয়ে তিনি বাংলা একাডেমীর মহাপরিচালক সৈয়দ আনোয়ার হোসেনের কাছে মেলা বন্ধ রাখার কারণ জানতে চান। মহাপরিচালক তাকে জানান, বাংলা একাডেমী কর্তৃপক্ষ মেলা বন্ধ ঘোষণা করেননি। সংশ্লিষ্ট প্রকাশকরাই স্টল খোলেননি। তাছাড়া স্টলগুলোর নিরাপত্তার স্বার্থেই গেট বন্ধ রাখা হয়েছে। কিন্তু মন্ত্রী এতে সন্তুষ্ট হতে না পেরে মহাপরিচালককে অভিযুক্ত করে নানা অপমানসূচক কথা বলেন এবং ধমকে প্রশ্ন করেন, "বাংলা একাডেমীর বই মেলা কি আপনার নিজস্ব সম্পত্তি? আপনি মেলা ও গেট কি বন্ধ রাখার কে?" এরপর তিনি গেট খুলে দেয়ার এবং মেলা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়ে পুলিশ পাহারায় একাডেমী ত্যাগ করেন। অতঃপর বিকেল সাড়ে ৫টায় মেলার গেট খুলে দেয়া হলেও স্টলগুলো যথারীতি বন্ধ ছিল। অতি উৎসাহী কতিপয় দর্শক মেলা প্রাঙ্গণে ঢুকেও হতাশ হয়ে পরে ফিরে যান।